

হাবিপ্রবির নূর হোসেন হলে নেই রিডিং রুম, ভোগান্তিতে শিক্ষার্থীরা

হাবিপ্রবি প্রতিনিধি

প্রকাশিত: ২০:৩২, ১২ অক্টোবর ২০২৫



ছবি: দৈনিক জনকণ্ঠ।

হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (হাবিপ্রবি) শহীদ নূর হোসেন হলে রিডিং রুম না থাকায় পড়াশোনার উপযুক্ত পরিবেশ থেকে বঞ্চিত হচ্ছেন হলটির প্রায় ৩০০ আবাসিক শিক্ষার্থী। বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ছাত্র হলগুলোতে রিডিং রুম চালু থাকলেও এই হলে দীর্ঘদিন ধরে এমন কোনো ব্যবস্থা গড়ে ওঠেনি।

শিক্ষার্থীরা জানান, পর্যাপ্ত সিটের অভাবে অনেক কক্ষে তিন জনের সিটে চারজন করে থাকতে হচ্ছে। ফলে কক্ষে পড়াশোনার পরিবেশ

বিঘ্নিত হচ্ছে। আগে রাতে টিএসসিতে পড়ার সুযোগ থাকলেও এখন তা রাত ১১টার পর বন্ধ থাকায় শিক্ষার্থীরা আরও বিপাকে পড়েছেন।

একজন শিক্ষার্থী বলেন, “হলে অনেক সংস্কার হচ্ছে, কিন্তু রিডিং রুমের মতো জরুরি বিষয় উপেক্ষিত হচ্ছে। বাজেট আসার পরও প্রশাসন কোনো উদ্যোগ নিচ্ছে না—এটা হতাশাজনক।”

নাম প্রকাশে অনিচ্ছুক আরেক শিক্ষার্থী বলেন, “রঙ করা, পুরাতন জিনিস ঠিক করা ভালো উদ্যোগ। কিন্তু রিডিং রুম ছাড়া আমরা পড়াশোনার জন্য নিরাপদ জায়গা পাচ্ছি না। দ্রুত পদক্ষেপ নেওয়া জরুরি।”

শিক্ষার্থীরা বলছেন, বিশ্ববিদ্যালয়ের টিএসসিতে এসি সংযোজনসহ বিভিন্ন সুবিধা সম্প্রসারণ করা হলেও পাশের হলে রিডিং রুম না থাকা একধরনের বৈষম্যের অনুভূতি তৈরি করছে।

এ বিষয়ে শহীদ নূর হোসেন হলের হল সুপার প্রফেসর ড. হাফিজুর রহমান হাফিজ বলেন, “হলের বিন্ডিংগুলো অনেক পুরোনো হওয়ায় পানির লাইনসহ ওয়াশরুমগুলো সংস্কার করা হচ্ছে। নির্দিষ্ট করে রিডিং রুম বানানোর জায়গা না থাকায় ক্যান্টিনের স্পেসকে রিডিং রুম করার পরিকল্পনা রয়েছে। শীঘ্রই শিক্ষার্থীদের জন্য রিডিং রুমের ব্যবস্থা করা হবে।”